



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৯.৫৬.০০০৪.২৬.১৫৭

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: ‘খান একাডেমি বাংলাদেশ’ কার্যক্রমের আওতা সম্প্রসারণপূর্বক বগুড়া, কক্সবাজার ও নেত্রকোনা জেলার আরও ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ে সেপ্টেম্বর ২০২৬ খ্রি. হতে সেপ্টেম্বর ২০২৭ খ্রি. পর্যন্ত কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন প্রসঙ্গে।

সূত্র: ১। সাজেদা ফাউন্ডেশনের ১৯ আগস্ট ২০২৬ তারিখের পত্র।

২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৯.৫৬.১৬৬.২৩-১৭, তারিখ: ০৫/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাজেদা ফাউন্ডেশনের আর্থিক ও কারিগরি সহযোগিতায় বাস্তবায়নাধীন ‘খান একাডেমি বাংলাদেশ’ কার্যক্রমের আওতায় পূর্বে অনুমোদিত ৭টি জেলার (ঢাকা, নারায়ণগঞ্জ, গাজীপুর, নরসিংদী, টাঙ্গুর, কুমিল্লা ও পঞ্চগড়) ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ের পাশাপাশি বগুড়া, কক্সবাজার ও নেত্রকোনা জেলার আরও ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষকদের গণিত শিক্ষণ দক্ষতা উন্নয়ন এবং শিক্ষার্থীদের গণিত শিখনফল বৃদ্ধির লক্ষ্যে নতুনভাবে অন্তর্ভুক্ত ৩টি জেলার ১০০টি মাধ্যমিক বিদ্যালয়ে সেপ্টেম্বর ২০২৬ খ্রি. হতে সেপ্টেম্বর ২০২৭ খ্রি. পর্যন্ত কার্যক্রম বাস্তবায়নের অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

প্রকল্পের আওতায় নিম্নলিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়ন করা যাবে:

- ১। সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের সহযোগিতায় বিদ্যালয় নির্বাচন ও প্রয়োজনীয় সমন্বয়।
- ২। নির্বাচিত বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও গণিত শিক্ষকদের খান একাডেমি প্ল্যাটফর্ম ব্যবহার এবং গণিত শিখন-শিক্ষণ দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ আয়োজন।
- ৩। শিক্ষার্থীদের গণিত শিখনফল বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত গণিত শ্রেণির সঙ্গে সমন্বয় করে ‘খান একাডেমি বাংলাদেশ’ প্ল্যাটফর্মের কার্যকর ব্যবহার।
- ৪। বিদ্যালয়ের বিদ্যমান ডিজিটাল ডিভাইস ও আইসিটি সুবিধা মূল্যায়ন এবং প্রয়োজন অনুযায়ী ডিভাইস সেটআপ ও কারিগরি সহায়তা প্রদান।
- ৫। শিক্ষার্থীদের জন্য শিখনগত সহায়তা ও প্রয়োজনীয় অনুশীলনের ব্যবস্থা।
- ৬। মাসিক মনিটরিং, বিদ্যালয়ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অগ্রগতি প্রতিবেদন প্রদান।

শর্তাবলি:

- শিক্ষা প্রতিষ্ঠানে গবেষণা কার্যক্রম পরিচালনা/বাস্তবায়নকালে জাতীয় ও ধর্মীয় চেতনা পরিপন্থী কোনো কার্যক্রম পরিচালনা করা যাবে না;
- জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের সহায়তায় বিদ্যালয় নির্বাচন করতে হবে। নির্বাচিত বিদ্যালয়ের তালিকা মাউশি অধিদপ্তর কর্তৃক যাচাই-বাছাইয়ের মাধ্যমে চূড়ান্ত অনুমোদন নিতে হবে;
- শ্রেণি কার্যক্রম পরিচালনায় বিঘ্ন ঘটানো যাবে না;
- অনুমোদিত কার্যক্রমের পরিবর্তন/পরিমার্জন/সংশোধন করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা-এর অনুমোদন নিতে হবে;
- খান একাডেমি বাংলাদেশ কার্যক্রমের আওতা কিংবা মেয়াদ বৃদ্ধি/হাস করার ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করতে হবে;
- খান একাডেমি বাংলাদেশের কার্যক্রম উপজেলা/জেলা/আঞ্চলিক কার্যালয় এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা কর্তৃক নিয়মিত তদারকি করা হবে;
- প্রস্তাবিত কার্যক্রম তদারকির ক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা সার্বিক সহযোগিতা প্রদান করবে এবং এ-সংক্রান্ত ব্যয়ভার বহন করবে;
- এই কার্যক্রমের ত্রৈমাসিক/বার্ষিক অগ্রগতি প্রতিবেদন আবশ্যিকভাবে মাউশি অধিদপ্তর বরাবর প্রেরণ করতে হবে;
- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর যেকোনো সময় এ কার্যক্রম বাতিল করতে পারবে;
- সরকার প্রদত্ত সুরক্ষা বিধিমালা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।



২২-০৯-২০২৬
মোঃ খায়শেদ আলম
সহকারি পরিচালক-৫

প্রধান নির্বাহী কর্মকর্তা
খান একাডেমি বাংলাদেশ প্রকল্প, সাজেদা ফাউন্ডেশন।।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.০০০.১০৯.৫৬.০০০৪.২৬.১৫৭/১ (৬)

তারিখ: ৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।।
- ২। জেলা শিক্ষা অফিসার, বগুড়া/কক্সবাজার/নেত্রকোনা।।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট উপজেলা, বগুড়া/কক্সবাজার/নেত্রকোনা।।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।।
- ৫। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।।
- ৬। সংরক্ষণ নথি, ।।





২২-০৯-২০২৬
মোঃ খায়শেদ আলম
সহকারি পরিচালক-৫